ক্ষুদ্র নৃগোষ্ঠীর একটি বৃহৎ অংশ বান্দরবান পার্বত্য জেলায় বসবাস করে। এদের স্বতন্ত্র সংস্কৃতি, ভাষা, সাহিত্য, জীবনধারা এবং উন্নত প্রথা তাদেরকে বর্ণিল এক জাতির অবিচ্ছেদ্য ধারায় পরিণত করেছে। সম্প্রসারিত অবকাঠামো বাংলাদেশের সাংস্কৃতিক পরিমন্ডল আরও সমৃদ্ধ করেছে। জীবনযাত্রার মান উন্নয়ন এবং আধুনিকায়নের কারণে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতি দিনে দিনে বিলীন হয়ে যাচ্ছে। এ সকল সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ ও সংগ্রহ করার লক্ষ্যে বান্দরবান পার্বত্য জেলার দুর্গম উপজেলা রুমায় একটি আঞ্চলিক কেন্দ্র স্থাপনের জন্য প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ৪১৫.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০১১ থেকে জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পটি ০৯.০৩.২০১১ তারিখে মা ননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। মূল অনুমোদিত ডিপিপিতে প্রকল্পের ব্যয় প্রাক্কলন করা হয়েছিল পিডব্লিউডি-এর রেটসিডিউল, ২০০৮ অনুসারে। ভূমি অধিগ্রহণ নির্ধারিত সময়ে সম্ভব না হওয়া এবং ঠিকাদারদের উচ্চমূল্যের কারণে যথাসময়ে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয় না। ফলে পিডব্লিউডি-এর রেটসিডিউল, ২০১১ অনুসারে ব্যয় প্রাক্কলন করে জানুয়ারি ২০১১ থেকে জুন ২০১৪ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়নের জন্য মোট ৬৯৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এর ১ম সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে, যা গত ২৮.০৩.২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্প এলাকার বাস্তব অবস্থার প্রেক্ষাপটে পরিবর্তিত ডিজাইন অনুযায়ী জানুয়ারি ২০১১ থেকে ডিসেম্বর ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য মোট ৭৯২.৩৮ লক্ষ টাকা

প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির ২য় সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে , তা গত ০১.১১.২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

## ৭.২ প্রকল্পের প্রধান উদ্দেশ্যঃ

বান্দরবান পার্বত্য জেলার রুমা উপজেলা যক্ষুদ্র নৃগোষ্ঠীর মূল্যবান সাংস্কৃতিক উপাদান সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ সাধন করা ই এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য। নিম্নোক্ত কার্যক্রমের মাধ্যমে এ উদ্দেশ্য অর্জন করা সম্ভব হবেঃ

- (ক) ভবন নির্মাণ (১,৫৮০.০৫ বর্গমিটার আয়তনের ৩-তলাবিশিষ্ট ৩-তলা ভবন নির্মাণ )
- (খ) স্থানীয় শিল্পীদের সংগীত, নৃত্য, অভিনয় ও শিল্পকলা বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
- (গ) নাটক এবং সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা;
- (ঘ) বান্দরবান পার্বত্য জেলার সামাজিক ও সাংস্কৃতিক বিষয়ে ডকুমেন্টারি ফিল্ম তৈরি করা;
- (ঙ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষা শিক্ষা কোর্স আয়োজন করা;
- (চ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর বই, জার্নাল এবং সাময়িকী প্রকাশ এবং সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করা;
- (ছ) লাইব্রেরিও মিউজিয়াম স্থাপন করা।

## ৭.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

প্রকল্পটি ৪১৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১১ থেকে জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৯.০৩.২০১১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। এরপর পিডব্লিউডি-এর রেসিডিউল, ২০১১ অনুসারে ব্যয় প্রাক্কলন করে জানুয়ারি ২০১১ থেকে জুন ২০১৪ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়নের জন্য মোট ৬৯৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এর ১ম সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে, যা গত ২৮.০৩.২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্প এলাকার বাস্তব অবস্থার প্রেক্ষাপটে পরিবর্তিত ডিজাইন অনুযায়ী জানুয়ারি ২০১১ থেকে ডিসেম্বর ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য মোট ৭৯২.৩৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির ২য় সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে, তা গত ০১.১১.২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৭.৪ প্রকল্পের মূল কার্যক্রমঃ ৩-তলা ভিত বিশিষ্ট ৩-তলা ফাংশনাল বিল্ডিং নির্মাণ(১,৫৮০.০৫ বর্গমিটার), বাউন্ডারি ওয়াল নির্মাণ (১৫৯৪ বর্গমিঃ), ইন্টারন্যাশনাল রোড (১৬২০.৫০ বর্গমিঃ), ডিজিটাল ক্যামেরা ও ডিজিটাল ভিডিও ক্যামেরা-২টি, মেশিনারি ও অন্যান্য যন্ত্রপাতি-৩টি, মটর সাইকেল-১টি, কম্পিউটার ও ইকুইপমেন্ট-১ সেট, অফিস যন্ত্রপাতি, আসবাবপত্র, স্টেশনারী সামগ্রী ইত্যাদি ক্রয়।

৭.৫ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প মেয়াদে নিম্নে বর্ণিত একজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেনঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম   | কার্যকাল       |               | মন্তব্য   |
|---------|--|----------------|---------------|-----------|
|         |  | শুরু           | পর্যন্ত       |           |
| ০১      | জনাব মংনুচিং<br>পরিচালক(সিসি)<br>ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট ,<br>বান্দরবান। | জানুয়ারি ২০১১ | ডিসেম্বর ২০১৫ | খন্ডকালীন |

## ৭.৬ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৭৯২.৩৮ লক্ষ টাকা। মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ৭১৩.৩৩ লক্ষ টাকা (৯০.০২%)। প্রকল্পটির অনুকূলে ২০১০-১১ হতে ২০১৫-২০১৬ পর্যন্ত সময়ে সংশোধিত ডিপিপিতে বছর ভিত্তিক সংস্থান, সংশোধিত এডিপিতে বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিয়ে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত ডিপিপিতে বছর ভিত্তিক সংস্থান | সংশোধিত এডিপিতে বরাদ্দ | অবমুক্ত | ব্যয়  |
|-------------|--------------------------------------|------------------------|---------|--------|
| (০১)        | (০২)                                 | (০৩)                   | (০৪)    | (০৫)   |
| ২০১১-১২     | ১৫.২৯                                | ৫০.০০                  | ৫০.০০   | ১৫.২৯  |
| ২০১২-১৩     | ৯৯.৩৭                                | ১০০.০০                 | ১০০.০০  | ৯৯.৩৭  |
| ২০১৩-১৪     | ৩৬৫.৩৭                               | ৪০০.০০                 | ৪০০.০০  | ৩৬৫.৩৬ |
| ২০১৪-১৫     | ৭২.০৫                                | ৭৬.০০                  | ৭৬.০০   | ৭২.০৫  |
| ২০১৫-১৬     | ২৪০.৩০                               | ৩০০.০০                 | ২৪০.০০  | ১৬১.২৫ |
| মোট         | ৭৯২.৩৮                               | ৯২৬.০০                 | ৮৬৬.৩০  | ৭১৩.৩৩ |

## ৮.০ প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষণঃ

আইএমইডি কর্তৃক বান্দরবান পার্বত্য জেলা র বুমা উপজেলায় ২০/১০/২০১৭ তারিখে “বান্দরবান জেলা র ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের আঞ্চলিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) ” শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কাজ সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, বান্দরবান জেলা পরিষদের নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প সংশ্লিষ্ট বান্দরবান ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট এর অন্যান্য কর্মকর্তা/কর্মচারিগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রকল্পটির কার্যক্রমের বিষয়ে তাদের সাথে আলোচনা হয়। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। নিম্নে প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষণ সম্পর্কে সংক্ষেপে বর্ণনা করা হলঃ

৮.১ সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পের আওতায় প্রশাসনিক ভবন-কাম-প্রশিক্ষণ কেন্দ্র (৩ তলা ভি তসহ ৩-তলা মিলনায়তন ভবন, প্রশিক্ষণ কক্ষ, অফিস কক্ষ, বৈদ্যুতিক ও পয়ঃনিষ্কাশনসহ আনুষঙ্গিক সুবিধা সম্বলিত) ১,৫৮০.০৫ বর্গমিটার মূল ভবন নির্মিত হয়েছে। ৩-তলা বিশিষ্ট এ ভবনের সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য গ্রাউন্ড ফ্লোরে অডিটোরিয়াম বা হল রুম, স্থায়ী স্টেজ ও সাউন্ড সিস্টেম, গ্রীন রুম, মহড়া রুম, ভবনের ২য় তলায় ও ৩য় তলায় ২টি করে প্রশিক্ষণ/ক্লাস রুম, যেখানে স্থানীয় শিল্পীদের সংগীত, নৃত্য, অভিনয়, শিল্পকলা ও ভাষা শিক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রদান, ২য় তলায় লাইব্রেরি ও মিউজিয়াম রুম, এবং ৩য় তলায় অফিস ও অন্যান্য রুম নির্মাণ করা হয়েছে। ভবনটিতে বৈদ্যুতিক ফিটিংস, এসি, পানি সরবরাহ, স্যানিটারি ব্যবস্থা, সারফেস ড্রেন, বাউন্ডারি ওয়াল, রিটেইনিং ওয়াল, জেনারেটর হাউজ নির্মাণ ও জেনারেটর স্থাপন, এবং সকল রুমে বিভিন্ন প্রকার আসবাবপত্র প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় ডিজিটাল ক্যামেরা ও ডিজিটাল ভিডিও ক্যামেরা, ভিডিও প্লয়ারসহ ডিজিটাল অডিও রেকর্ডার, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও সাধারণ নৃত্যের অলঙ্কার, ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র, আধুনিক বাদ্যযন্ত্র, রেকর্ডিং মিক্সার মেশিন, যানবাহন (মোটর সাইকেল), ফটোকপিয়ার, কম্পিউটার, কম্পিউটার সরঞ্জাম, আসবাবপত্র এবং বইপত্র ও সাময়িকী ক্রয় করা হয়েছে।

৮.২ সরেজমিন পরিদর্শনের সময় নির্মিত এ ভবনের ছাদের প্রায় মাঝখানে এবং অন্যান্য জায়গায় প্রচুর বৃষ্টির পানি জমে থাকতে দেখা গেছে। ভবনের ছাদের চারিদিকটা তুলনামূলকভাবে ছাদের মাঝখানটার তুলনায় উচু হওয়ায় বা ছাদের মাঝখানটা নীচু হওয়ায় বৃষ্টির পানি ছাদের বর্হিগমন পাইপ দিয়ে বের হতে পারে না, ফলে ছাদে পানি জমে থাকে। এটি বাহ্যিক দৃষ্টিতে নির্মাণজনিত ত্রুটি বলে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে। দিনের পর দিন ছাদে বৃষ্টির পানি জমে থাকার কারণে ছাদে এক ধরনের কালো স্যাওলা, ময়লা ও আগাছা জন্মেছে। ছাদের এ নির্মাণজনিত ত্রুটি শিগ্ৰই দূর করা না হলে অচিরেই ছাদ নষ্ট হয়ে

পড়ার সম্ভাবনা রয়েছে।

**৮.৩ প্রকল্প পরিচালক ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান এর পরিচালক পরিদর্শনকালে জানান যে,** প্রকল্পের আওতায় সংস্থান অনুসারে ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, এসব প্রশিক্ষণ হ,লঃ বম ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা শিক্ষা কোর্স ৬০ (ষাট) কর্ম দিবস ,মারমা ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা শিক্ষা কোর্স ৬০ (ষাট) কর্ম দিবস ,বম ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী তাঁতবুনন প্রশিক্ষণ কোর্স ৬০ (ষাট) কর্ম দিবস ,মারমা ক্ষুদ্র নৃগোষ্ঠীর নৃত্য প্রশিক্ষণ কোর্স ৩০ (ত্রিশ) কর্ম দিবস , এবং বম ক্ষুদ্র নৃগোষ্ঠীর নৃত্য প্রশিক্ষণ কোর্স ৩০ (ত্রিশ) কর্ম দিবস । এসব কোর্স থেকে ১২৭ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে ও তাদের সার্টিফিকেট প্রদান করা হয়েছে। তিনি জানান যে,প্রয়োজনীয় জনবলের অভাবে এ কেন্দ্র এখনো পূর্ণাং গ ভাবে চালু করা যায় নি। একেন্দ্র -এর প্রয়োজনীয় জনবল কাঠামো প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, তা অনুমোদিত হলে ও রাজস্ব বাজেটের আওতায় বরাদ্দ পাওয়ার পর জনবল নিয়োগ করা হবে, এবং তখন এটি পূর্ণাংভাবে চালু করা যাবে। তবেবর্তমানে নব নির্মিত এ সাংস্কৃতিক কেন্দ্রে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবানএর রাজস্ব বাজেটের আওতায় স্বল্প পরিসরে কিছু প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ভবনে নাইট গার্ড না থাকায় ভবনটির মালামাল রক্ষনাবেক্ষনে যেমন অসুবিধা হচ্ছে তেমনি ক্লিনারের অভাবে বিশাল এ ভবনটি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা যাচ্ছে না। সরেজমিন পরিদর্শনকালে ভবনের মেঝে, বারান্দা, সিঁড়ি, বার্ব রুম, টয়লেট অপরিষ্কার-অপরিচ্ছন্ন অবস্থায় পাওয়া যায়।

**৮.৪ এ ভবনটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের একটি আঞ্চলিক কেন্দ্র, বিধায় ভবনটির বাহ্যিক দিকটার নির্মাণ শৈলী অন্যান্য সাধারণ ভবন থেকে কিছুটা নান্দনিক বা দৃষ্টি নন্দন করাহলে এটি মানুষের আরো দৃষ্টি আকর্ষণ করতে পারতো বলে মনে হয়। কিন্তু ভবনটি সেভাবে নির্মাণ না করে অন্যান্য সাধারণ ভবনের মত সাদামাটা করে নির্মাণ করা হয়েছে, এতে কোন নান্দনিকতার ছাপ নেই।**

**৮.৫ প্রকল্পের ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি ১৩ নং পৃষ্ঠায় (Total Procurement Plan For Development Project/Programme) প্যাকেজ নং WD1-তে প্রশাসনিক কাম ট্রেনিং সেন্টার ভবনটির আয়তন ৬৪৮৫ .৭০ বঃমিঃ উল্লেখ থাকলেও প্রদত্ত পিসিআর -এ ভবনের আয়তন ১৫৮০ .০৫ বঃমিঃ উল্লেখ করা হয়েছে (পিসিআর পৃঃ ০৩)। যদিও ভবনের প্রাক্কলিত ব্যয় ৬৩৯ .০৩ লক্ষ টাকা একই উল্লেখ করা হয়েছে। প্রকল্পের ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি ও পিসিআর -এ উল্লেখিত ভবনের আয়তনের গরমিল কেন তা পিসিআর -এ উল্লেখ করা হয় নি।**

**৮.৬ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহনঃ** প্রকল্পে প্রতিশন অনুসারে ১(এক)টি মটর সাইকেল ক্রয় করা হয়েছে, যা পিসিআর-এ উল্লেখ করা হয়েছে ( পিসিআর এর অনুচ্ছেদ নং ১১)। এ মটর সাইকেলটি কোথায় আছে সে সম্পর্কে পিসিআর-এ কোন কিছু উল্লেখ নেই, যা উল্লেখ করা প্রয়োজন ছিল। এ প্রসংগে প্রকল্প পরিচালকের সাথে আলাপকালে তিনি জানান যে, ক্রয়কৃত মটর সাইকেলটি ক্ষুদ্রনৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান অফিসে সরকারি কাজে ব্যবহার করা হচ্ছে।

**৮.৭ প্রকল্পের আওতায় ক্রয়/টেন্ডার সংক্রান্ত তথ্যাদিঃ** আলোচ্য প্রকল্পের আওতায় সকল পূর্তনির্মাণকাজ এবং মালামাল টেন্ডারিং-এর মাধ্যমে যথাযথ সদস্যদের সমন্বয়ে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক করা হয়েছে । মূল্যায়ন কমিটিতে বিভাগ/সংস্থা বহির্ভূত অন্যান্য বিভাগ/সংস্থার ২ (দুই) জন সদস্য নিয়মানুযায়ী অর্ন্তভুক্ত করা হয়েছে। ফলে প্রকল্পের আওতায় পূর্তনির্মাণকাজ এবং মালামাল সংগ্রহপিপিআর অনুসরণপূর্বক করা হয়েছে মর্মে প্রতীয়মান হয় ।

#### **৮.৮ প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্যাদিঃ**

প্রেরিত পিসিআর-এর অনুচ্ছেদ-F, (Monitoring & Auditing ) 2.2 External Audit-এ ২টি অডিট আপত্তি রয়েছে এবং ব্রড শীট জবাব দেওয়া হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। নেই। এ প্রসংগে প্রকল্প পরিচালকের সাথে আলাপকালে তিনি জানান যে, প্রকল্পের অডিট আপত্তির ব্রড শীট জবাব নিয়মিতভাবে দেওয়া হচ্ছে, শিঘ্রই এ গুলো নিষ্পত্তি হয়ে যাবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।



৯.০ প্রকল্পের ?????? অর্জনঃ

| পরিকল্পিত উদ্দেশ্য  | অর্জন  |
|---|--|
| বান্দরবান পার্বত্য জেলা র রুমা উপজেলায় ক্ষুদ্র নৃগোষ্ঠীর মূল্যবান সাংস্কৃতিক উপাদান সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ সাধন করা ই এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য। | আলোচ্য প্রকল্পের আওতায় বান্দরবান পার্বত্য জেলা র রুমা উপজেলায় ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য এ ভবন নির্মিত হওয়ায় ক্ষুদ্র নৃগোষ্ঠীর স্থানীয় শিল্পীদের সাংস্কৃতিক চর্চা; বই, জার্নাল, সাময়িকী প্রকাশ; সেমিনার/ওয়ার্কশপের আয়োজন; শিল্পকলা ও ভাষা শিক্ষা বিষয়ে গবেষণা ও প্রশিক্ষণ প্রদান এবং লাইব্রেরিও মিউজিয়াম স্থাপনের সুযোগ সৃষ্টি হয়েছে। এতে এ অঞ্চলের ক্ষুদ্র নৃগোষ্ঠীর মূল্যবান সাংস্কৃতিক উপাদান সংরক্ষণ, গবেষণা, উন্নয়ন ও বিকাশ সাধনের পথ সুগম হয়েছে। ফলে প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। |

??

???? প্রকল্পের চিহ্নিত সমস্যাঃ

???? ভবনের ছাদের মাঝখানটা ছাদের চারিদিকটার তুলনায় নিচু হওয়ায় বৃষ্টির পানি বর্হিগমন পাইপ দিয়ে বের হতে পারে না, ফলে ছাদে পানি জমে থাকে। দিনের পর দিন ছাদে বৃষ্টির পানি জমে থাকার কারণে ছাদে এক ধরনের কালো স্যাওলা, ময়লা ও আগাছা জন্মেছে। এতে অচিরেই ছাদ নষ্ট হয়ে পড়ার সম্ভাবনা রয়েছে।

???? ?? ????? ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের আঞ্চলিক একেন্দ্রটি প্রয়োজনীয় জনবলের অভাবে চালু করা যাচ্ছে না। এ কেন্দ্রটি যতদিন পর্যন্ত পূর্ণাংগে চালু না হবে ততদিন পর্যন্ত এলাকার মানুষ এর কাংখিত সুফল থেকে বঞ্চিত হবে।

১১.৩ প্রকল্পের ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপিতে প্রশাসনিক কাম ট্রেনিং সেন্টার ভবনটির আয়তন ৬৪৮৫ .৭০ বঃমিঃ উল্লেখ থাকলেও প্রদত্ত পিসিআর -এ ভবনের আয়তন ১৫৮০ .০৫ বঃমিঃ উল্লেখ করা হয়েছে। প্রকল্পের ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি ও পিসিআর -এ উল্লেখিত ভবনের আয়তনের এ গরমিল কেন তা পিসিআর -এ উল্লেখ করা হয় নি, ফলে কোনটি সঠিক তা বোধগম্য হয় না।

১১.৪ প্রকল্পে সংস্থান অনুসারে সংগৃহিত মটর সাইকেলটি প্রকল্প শেষে প্রচলিত বিধি মোতাবেক কোথায় সংরক্ষণ করা হয়েছে তা পিসিআর-এ উল্লেখ করা হয় নি, যা উল্লেখ করা প্রয়োজন ছিল।

১১.৫ এ ভবনটি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন না করার কারণে ভবনের মেঝে, বারান্দা, সিঁড়ি, বার্থরুম, টয়লেট অপরিষ্কার-অপরিচ্ছন্ন অবস্থায় আছে।

১১.৬ নির্মিত এ ভবনটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের একটি আঞ্চলিক কেন্দ্র, বিধায় ভবনটির বাহ্যিক দিকটার নির্মাণ শৈলী কিছুটা নান্দনিক করা হলে তা মানুষের কাছে আরো দৃষ্টি নন্দন ও আকর্ষণীয় হতে পারতো। কিন্তু এটি অন্যান্য সাধারণ ভবনের মত একেবারেই সাদামাটা করে নির্মাণ করা হয়েছে, এতে নান্দনিকতার কোন ছাপ নেই।

১২.০ মতামত/সুপারিশঃ

???? ভবনের ছাদে বৃষ্টির পানি জমার বিষয়টি নির্মাণজনিত কোন ত্রুটি কি-না তা পরীক্ষাপূর্বক সে অনুযায়ী দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন;

???? ?????? ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের আঞ্চলিক কেন্দ্রের দ্রুত জনবলের সংস্থানপূর্বক কেন্দ্রটি পূর্ণাংগে চালু করা যেতে পারে;

???? প্রকল্পের ২য় সংশোধিত অনুমোদিত ডিপিপি ও পিসিআর -এ প্রশাসনিক কাম ট্রেনিং সেন্টার ভবনের আয়তন সম্পর্কে উল্লেখিত তথ্যের মধ্যে কোনটি সঠিক তা যাচাইপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে;

- ???.? প্রকল্পের আওতায় সংগৃহীত মটর সাইকেলটির ব্যবহার প্রচলিত বিধি মোতাবেক নির্ধারণপূর্বক সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে;
- ???.? ?????? ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের আঞ্চলিক কেন্দ্র এ ভবন একটি সরকারি সম্পত্তি বিধায় এর মেঝে, বারান্দা, সিঁড়ি, বার্থরুম, টয়লেট ইত্যাদি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা দরকার;
- ???.? ভবিষ্যতে এ জাতীয় ভবন নির্মাণের ক্ষেত্রে ভবনের বাহ্যিক দিকটা নান্দনিক ও দৃষ্টি মন্দন করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে;
- ???.? উল্লিখিত সুপারিশসমূহের উপর গৃহীত পদক্ষেপ সম্পর্কে সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আইএমইডি'কে আগামী ০১ (এক) মাসের মধ্যে অবহিত করতে হবে।

**সাংবাদিক কাঞ্জাল হরিনাথ স্মৃতি মিউজিয়াম নির্মাণ**  
**-শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন**

|                                      |   |
|--------------------------------------|---|
| ১.০ নামঃ                             | সাংবাদিক কাঞ্জাল হরিনাথ স্মৃতি মিউজিয়াম নির্মাণ। |
| ২.০ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ       | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়                       |
| ৩.০ বাস্তবায়নকারী সংস্থাঃ           | বাংলাদেশ জাতীয় জাদুঘর                            |
| ৪.০ প্রকল্প এলাকাঃ                   | কুমারখালী, কুষ্টিয়া।                             |
| ৫.০ প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়ঃ |   |

**(লক্ষ টাকায়)**

| প্রাক্কলিত ব্যয় |                                    | প্রকৃত ব্যয় মোট টাকা (প্রঃসাঃ) | পরিকল্পিত বাস্তবায়নকাল |                         | প্রকৃত বাস্তবায়নকাল    | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|------------------|------------------------------------|---------------------------------|-------------------------|-------------------------|-------------------------|---|---|
| মূল              | সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্রঃসাঃ) |                                 | মূল                     | সর্বশেষ সংশোধিত         |                         |   |   |
| ৭৩৫.০০           | ০০                                 | ৬৪৭.৮৩                          | জুলাই ২০১২ হতে জুন ২০১৫ | জুলাই ২০১২ হতে জুন ২০১৬ | জুলাই ২০১২ হতে জুন ২০১৬ | -   | ১ বছর (৩৩%)                             |

\* প্রকৃত ব্যয় মূল প্রকল্প ব্যয়ের অপেক্ষা ৮৭.১৭ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

**৬.০ প্রকল্পের বিভিন্ন অংশের বাস্তবায়ন (PCR-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):**

**(ব্যয় লক্ষ টাকায়)**

| ক্রঃ নং | বিভিন্ন অংশের নাম                               | পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী) |        | প্রকৃত বাস্তবায়ন |            |
|---------|---|--|--------|-------------------|------------|
|         |   | আর্থিক                                   | বাস্তব | আর্থিক (%)        | বাস্তব (%) |
| ১       | ২   | ৩  | ৪      | ৫                 | ৬          |
| (A)     | <b>Revenue Component</b>                        |  |        |                   |            |
| 4501    | Pay of Officer                                  | ৪.৬৪                                     | -      | -                 | -          |
| 4601    | Pay of Establishment                            | ৪.৮৪                                     | ০৫     | ৪.৮৪              | ০৫         |
| 4700    | Allowances                                      | ৬.৫৯                                     | L.S.   | ৬.৪৪              | L.S.       |
| 4800.   | Supplies & Services                             | ১৯.৩০                                    | L.S.   | ১৭.৪১             | L.S.       |
| 4890    | Others Expenses                                 | ৯.০০                                     | L.S.   | ৪.০০              | L.S.       |
|         | <b>Sub-Total (Revenue component) (A)</b>        | <b>৪৪.৩৭</b>                             |        | <b>৩২.৬৯</b>      |            |
| (B)     | <b>Capital Component:</b>                       |  |        |                   |            |
| 6807    | Motor Vehicles                                  | ৪০.০০                                    | ০১     | ৪০.০০             | ০১         |
| 6813    | Machineries & other implements                  | ০.৫০                                     | ০৫     | ০.৫০              | ০৬         |
| 6815    | Computer Accessories                            | ২.০০                                     | ০২     | ২.০০              | ০২         |
| 6821    | Furniture                                       | ১৮.০০                                    | ৯৩     | ১৮.০০             | ১২২        |
| 6845    | A forestations                                  | ১.০০                                     | L.S.   | ১.০০              | L.S.       |
| 6849    | Museums Object, painting & Archives, Films etc. | ৯.৩৩                                     | ৩০     | ৯.৩৩              | ৪৪         |
| 6901    | Acquisition of Land                             | ১১০.৩৯                                   | ০.২৭৭৫ | ৮২.৯৮             | ০.২৭৭৫     |

| ক্রঃ নং | বিভিন্ন অংগের নাম                         | পরিকল্পিত লক্ষ্যমাত্রা<br>(ডিপিপি অনুযায়ী) |         | প্রকৃত বাস্তবায়ন |            |
|---------|---|---|---------|-------------------|------------|
|         |   | আর্থিক                                      | বাস্তব  | আর্থিক (%)        | বাস্তব (%) |
| ১       | ২   | ৩   | ৪       | ৫                 | ৬          |
| 7001    | Land Development                          | ০.৬৭  | ৩৬৬.৮৬  | ০.৬৭              | L.S.       |
| 7006.   | Office Building                           | ৪০১.৪৫                                      | ১১৮৩.২৩ | ৪০১.৪৫            | ১২০০       |
| 7016    | Other building & infrastructure           | ২৭.২১                                       | L.S.    | ২৭.২১             | ৬৮.৫০      |
| 7056    | Electrical installation                   | ৩২.০০                                       | ১০      | ৩২.০০             | ৮০         |
| ১৮      | <b>Sub- Total (Capital Component) (B)</b> | <b>৬৪২.৫৫</b>                               |         | <b>৬১৫.১৪</b>     |            |
| ১৯      | Physical Contingency                      | ১৩.৭৪                                       | -       | -                 | -          |
| ২০      | Price Contingency                         | ৩৪.৩৪                                       | -       | -                 | -          |
|         | <b>Grand Total (A+B+C+D)=</b>             | <b>৭৩৫.০০</b>                               |         | <b>৬৪৭.৮৩</b>     |            |

#### ৭.০ সাধারণ পর্যবেক্ষণঃ

#### ৭.১ পটভূমিঃ

কুষ্টিয়ায় কুমারখালীতে অবস্থিত এম, এন ছাপাখানার প্রতিষ্ঠাতা ছিলেন সাংবাদিক কাঞ্জাল হরিনাথ। লালন- রবীন্দ্রনাথের সময়ে গ্রামীণ সাংবাদিকতার পথিকৃত তিনি এই ছাপাখানা থেকে “গ্রাম বার্তা প্রকাশিকা” নামে একটি সংবাদপত্র বের করেছিলেন। মীর মোশারফ হোসেনের ‘বিষাধ সিক্কু’ এই ছাপাখানা থেকে ছাপা হয়েছিল। সাংবাদিক কাঞ্জাল হরিনাথের শত বছরের পুরোনো ছাপাখানার ছাপা মেশিনটি অবহেলিত অবস্থায় পড়ে আছে। সাংবাদিক কাঞ্জাল হরিনাথের স্মৃতিকে অঙ্গান করে রাখার জন্য এবং সাংবাদিক হিসেবে তার অগ্রণী ভূমিকার কথা নতুন প্রজন্মকে জানানোর জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে।

#### ৭.২ প্রকল্পের উদ্দেশ্য ছিল নিম্নরূপঃ

- (১) প্রায় একশত বছর পূর্বে গ্রামীণ সাংবাদিকতার পথিকৃত সাংবাদিক কাঞ্জাল হরিনাথ কর্তৃক প্রতিষ্ঠিত এম. এন. ছাপাখানার ছাপা মেশিনকে ঘিরে একটি স্মৃতি যাদুঘর স্থাপন।
- (২) সাংবাদিক কাঞ্জাল হরিনাথের স্মৃতিকে অঙ্গান করে রাখা এবং নতুন প্রজন্মের কাছে সাংবাদিক হিসেবে তার অগ্রণী ভূমিকার প্রসার ঘটানো।
- (৩) চারতলা ফাউন্ডেশন বিশিষ্ট দুইতলা যাদুঘর প্রতিষ্ঠাকরণ।
- (৪) ভূমি অধিগ্রহণ করে যাদুঘর স্থাপন, অফিস কক্ষ, প্রহরী কক্ষ, টিকেট কাউন্টার, প্রবেশপথ বাগান এবং কাঞ্জাল হরিনাথের ভাস্কর্য, ডরমেটরী কক্ষ ইত্যাদি প্রতিষ্ঠা করা এবং যন্ত্রপাতি, আসবাবপত্র, বই ইত্যাদি সরবরাহ করা।
- (৫) স্থানীয় এবং বিদেশী উভয় পর্যটকদের জন্য তাৎক্ষণিক সেবা নিশ্চিত করা।

#### ৭.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

আলোচ্য প্রকল্পটি ৭৩৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬/১১/২০১২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। গত ২৫/০১/২০১৬ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর বাড়িয়ে ৩০ জুন ২০১৬ পর্যন্ত করা হয়েছে।

#### ৭.৪ প্রকল্পের মূল কার্যক্রমঃ

- জমি অধিগ্রহণ
- ভবন নির্মাণ
- যানবাহন ক্রয়
- যন্ত্রপাতি ক্রয়
- আসবাবপত্র সংগ্রহ ইত্যাদি।

#### ৭.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। নিম্নে বর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেনঃ

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী       | কার্যকাল   |            | মন্তব্য |
|---------|-----------------------------|------------|------------|---------|
|         |                             | শুরু       | পর্যন্ত    |         |
| ০১      | জনাব ফারুক হোসেন<br>উপসচিব  | ০১/০৭/২০১২ | ০২/০৮/২০১৫ |         |
| ০২      | জনাব রমজান আলী<br>যুগ্মসচিব | ২৪/০৮/২০১৫ | ৩০/০৬/২০১৬ |         |

#### ৭.৬ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৭৩৫.০০ লক্ষ টাকা। মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন, ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ৬৪৭.৮৩ (৮৮.১৪%)। প্রকল্পটির অনুকূলে ২০১২-১৩ হতে ২০১৫-২০১৬ বছর পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বৎসর | সংশোধিত এডিপি বরাদ্দ |        |     | অবমুক্তি টাকা | ব্যয়    |        |     |
|-------------|----------------------|--------|-----|---------------|----------|--------|-----|
|             | মোট টাকা             | টাকা   | পিএ |               | মোট টাকা | টাকা   | পিএ |
| ২০১২-১৩     | ১৬২.০০               | ১৬২.০০ | -   | ১৬২.০০        | ১৫৬.০০   | ১৫৬.৪৩ | -   |
| ২০১৩-১৪     | ৩৩৮.০০               | ৩৩৮.০০ | -   | ৩৩৮.০০        | ৩২৫.০০   | ৩২৫.৮২ | -   |
| ২০১৪-১৫     | ২৪৭.০০               | ২৪৭.০০ | -   | ২০৪.৬৭        | ১৫৬.১২   | ১৫৬.১২ | -   |
| ২০১৫-১৬     | ৯৭.০০                | ৯৭.০০  | -   | ৪৮.৯২         | ০৯.৮৬    | ০৯.৮৬  | -   |
| মোট         | ৮৪৪.০০               | ৮৪৪.০০ | -   | ৭৫৩.৫৯        | ৬৪৭.৮৩   | ৬৪৭.৮৩ | -   |

??

#### ৮.০ প্রকল্প পরিদর্শনঃ

##### কুমাখালী, কুষ্টিয়াঃ

৮.১ গত ১২/১২/২০১৭ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক বাস্তবায়িত কুষ্টিয়া জেলার সাংবাদিক কাঞ্জাল হরিনাথ স্মৃতি মিউজিয়াম নির্মাণ, পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে কুষ্টিয়া জেলার নির্বাহী প্রকৌশলী, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। প্রকল্পটি ২৮ শতাংশ জমির উপর নির্মাণ করা হয়েছে। জাদুঘরের নান্দনিকতা ও দর্শনার্থীদের সুবিধার কথা বিবেচনা করে ২য় তলায় উন্মুক্ত স্থান রাখা হয়েছে যা দৃষ্টিনন্দন হয়েছে মর্মে প্রতীয়মান হয়, কিন্তু উপরে কোন ছাদ বা শেড না থাকায় কাঠের ডিজাইনের শৈল্পিক ইন্সটলেশন নষ্ট হয়ে যাবে বলে মনে হয়। ২য় তলার উপর ডিজাইনের জন্য যে কাঠ ব্যবহৃত হয়েছে তা ফেটে গেছে। কাঠের মান ভাল নয়। কাঠের আলমারী তৈরীতে যে কাঠ ব্যবহৃত হয়েছে তা খুবই নিম্নমানের এখনই ঘুণ ধরেছে। নান্দনিক জাদুঘরের অবকাঠামো তৈরীর লক্ষ্যে বাউন্সারী ওয়ালের বাইরের দেয়ালে সিরামিক ব্রিকসের কাজ ভাল হয়েছিল। Electric fitting কাজ ভালভাবে করা হয়নি। জাদুঘর কর্তৃপক্ষ নির্মাণ কাজের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে একটি নির্মাণ ত্রুটি তালিকা PWD কে হস্তান্তর করেছে এবং সে অনুযায়ী সমস্যা নিরসনের লক্ষ্যে কাজ করা হচ্ছে। গেটের উপর তোরণ নির্মাণ করা হয়নি। ভবনের ছাদে Rubbish পড়ে আছে যা পরিষ্কার করা প্রয়োজন। তা না হলে ছাদে পানি জমে ছাদের ক্ষতি হতে পারে। গ্রীলের যে অংশ ছাদে লেগেছে সেখানে প্লাস্টার করা হয়নি প্লাস্টার করা দরকার। ভবনের সামনে বা অন্য কোন স্থানে প্রকল্প বা ভবনের নাম দেয়া হয়নি। ভবনের বাইরে ব্যবহৃত কাঠ Weather palish করা প্রয়োজন। দর্শনার্থীদের জন্য নির্মিত কাঞ্জাল হরিনাথ স্মৃতি মিউজিয়াম চালু করা হয়েছে। জাদুঘর ভবনটি কর্তৃপক্ষ কর্তৃক দ্রুত বুঝে নেওয়া প্রয়োজন।

৯. **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ** আলোচ্য প্রকল্পের মাধ্যমে যে সকল নির্মাণকাজ/মালামাল ক্রয় করা হয়েছে তা পিপিআর অনুসারে টেন্ডারিং-এর মাধ্যমে যথাযথ সদস্যদের সমন্বয়ে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটিতে বিভাগ/সংস্থা বহির্ভূত অন্যান্য বিভাগ/সংস্থার ২ (দুই) জন সদস্য নিয়মানুযায়ী অর্ন্তভুক্ত করা হয়েছে।

### ১০. অডিট নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

প্রকল্পের প্রেরিত পিসিআর এর অনুচ্ছেদ-এফ মনিটরিং এন্ড অডিটিং এর ২.১ নং অনুচ্ছেদে কোন তথ্য উল্লেখ করা হয়নি। এছাড়া ২.২ নং অনুচ্ছেদে তথ্য উল্লেখ করা হয়েছে। সর্বশেষ ২০১৫-১৬ অর্থ বছরে কোন তথ্য উল্লেখ করা হয়নি। সর্বশেষ বছরের অডিট আপত্তি নিষ্পত্তি করা প্রয়োজন।

### ১১. প্রকল্পের?????অর্জনঃ

| পরিকল্পিত উদ্দেশ্য  | অর্জন   |
|---|---|
| গ্রামীণ সাংবাদিকতার পথিকৃত সাংবাদিক কাঙ্গাল হরিনাথ কর্তৃক প্রতিষ্ঠিত এম. এন. ছাপাখানার ছাপ মেশিনকে ঘিরে একটি স্মৃতি যাদুঘর স্থাপন। জাদুঘরের অবকাঠামোগত উন্নয়ন, স্থাপনা সমূহের সংস্কার ও সংরক্ষণ, স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধি এবং ক্ষুদ্র বাণিজ্য প্রসারণের মাধ্যমে পর্যটন সমৃদ্ধকরণ, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং সংস্কৃতি কেন্দ্রিক পর্যটন শিল্প বিকশিত করা। | প্রকল্প এলাকায় বিভিন্ন ভৌত অবকাঠামো উন্নয়ন করা হয়েছে ফলে পর্যটন কেন্দ্রসমূহ দর্শনার্থীদের নিকট আকর্ষণীয় কেন্দ্রে পরিণত হয়েছে। প্রকল্প এলাকায় স্থাপনা সমূহের সংস্কার ও সংরক্ষণ করা হয়েছে। প্রকল্প এলাকায় স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধি এবং ক্ষুদ্র বাণিজ্য প্রসারের জন্য বিপনী বিতান তৈরী করা হয়েছে। এতে প্রকল্প এলাকায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে সংস্কৃতি কেন্দ্রিক পর্যটন শিল্পকে বিকশিত করেছে। প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে মর্মে বলা যায়। |

???.? ?????????? ?????????? ?????????? ?? ??? ???

### ১৩. সমস্যাঃ

- ১৩.১ ভবনের ২য় তলায় কিছুটা উন্মুক্ত স্থান রাখা হয়েছে; কিন্তু এত উপরে কোন ছাদ বা শেড না থাকলে তাকে কাঠের ডিজাইন বা শৈল্পিক ইন্সটলেশন নষ্ট হয়ে যেতে পারে।
- ১৩.২ **Electric fitting** কাজ ভালভাবে করা হয়নি।
- ১৩.৩ ওয়ালের সিরামিকে কাজ ভালভাবে করা হয়নি।
- ১৩.৪ কাঠের আলমারী তৈরীতে যে কাঠ ব্যবহৃত হয়েছে তা খুবই নিম্নমানের এখনই ঘুণ ধরেছে।
- ১৩.৫ ভবনের বাইরে ব্যবহৃত কাঠ **Weather polish** করা প্রয়োজন।
- ১৩.৬ জাদুঘর ভবনটির নির্মাণ কাজ শেষ হলেও তা এখনও বুঝে নেওয়া হয়নি।

### ১৪.০ সুপারিশ/মতামতঃ

- ১৪.১ ভবনের উন্মুক্ত স্থানের কাঠের কাজ সঠিকভাবে সংরক্ষণ করতে হবে।
- ১৪.২ **Electric fitting** এর কাজ ভালভাবে করতে হবে।
- ১৪.৩ ওয়ালের সিরামিকের কাজ ভালভাবে করতে হবে।
- ১৪.৪ কাঠের আলমারী তৈরীতে যে কাঠ ব্যবহৃত হয়েছে তা খুবই নিম্নমানের এখনই ঘুণ ধরেছে। ভাল কাঠ মানের কাঠ ব্যবহার করে আলমারী প্রস্তুত করতে হবে।
- ১৪.৫ ভবনের বাইরে ব্যবহৃত কাঠ **Weather polish** করতে হবে।
- ১৪.৬ জাদুঘর কর্তৃপক্ষ কর্তৃক চিহ্নিত নির্মাণ ত্রুটি তালিকা মোতাবেক **PWD** কর্তৃক মেরামত সম্পূর্ণ করার পর দ্রুত ভবনটি বুঝে নিতে হবে।
- ১৫। প্রতিবেদনের অনুচ্ছেদ নং ১৪.১ হতে ১৪.৫ পর্যন্ত সুপারিশের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।